

ভর্তি বিজ্ঞপ্তি

এত দ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তর, নড়াইল জেলা কার্যালয়ের অধীনে ২০২৩-২০২৪ অর্থ বছরের নিম্ন লিখিত মৎস্য কোর্সে ভর্তির নিমিত্তে নিয়মের সময় সূচী মোতাবেক আগ্রহী ১৮ থেকে ৩৫ বছর বয়সের বেকার যুবক ও যুব মহিলাদের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

কোর্সের নাম ও মেয়াদ	দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ	সাক্ষাৎকার গ্রহণের তারিখ	শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)	ভর্তির ও প্রশিক্ষণ শুরুর তারিখ
মৎস্য চাষ ১ (এক) মাস	৩০ আগস্ট ২০২৩ (অফিস চলাকালীন)	৩১ আগস্ট ২০২৩ (সকাল ১০ টা)	৮ম শ্রেণী পাস	০১ সেপ্টেম্বর ২০২৩ (অফিস চলাকালীন)

ভর্তির শর্তাবলী

- প্রার্থীকে নির্ধারিত ফরমে উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, নড়াইল বরাবর স্বহস্তে একাডেমিক সনদ অনুযায়ী আবেদন পূর্বক, আবেদনপত্র উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, দুর্গাপুর, নড়াইল অথবা স্বস্থ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে নির্ধারিত তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জমা দিতে হবে। (উল্লেখ্য ভর্তি ফরম নিম্ন স্বাক্ষরকারীর দপ্তর বা স্বস্থ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে অথবা www.youth.narail.gov.bd এই ওয়েব সাইটে পাওয়া যাবে।)
- প্রার্থীর বয়স বিজ্ঞপ্তি প্রদানের তারিখে ১৮ থেকে ৩৫ বছর হতে হবে। তবে প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।
- প্রার্থীকে অবশ্যই বেকার যুবক/যুব মহিলা হতে হবে।
- সাক্ষাৎকার গ্রহণের তারিখেই ফলাফল প্রকাশ করা হবে।
- দরখাস্তের সাথে জমা দিতে হবে :-
ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্রের সত্যায়িত অনুলিপি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।
খ) স্থানীয় মেয়র/ চেয়ারম্যান/ কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ পত্র।
গ) সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।
ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনের সত্যায়িত অনুলিপি।
- দলিত (সুইপার, ঋষি, ডোম) যুবদের জন্য ৪% কোটা এবং প্রতিবন্ধি, অটিস্টিক ও হিজড়াদের জন্য ৫% কোটা সংরক্ষণসহ কোর্স ফি ব্যতীত অধিদপ্তরের সকল প্রশিক্ষণে ভর্তির সুযোগ রয়েছে।
- ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।
- সাক্ষাৎকার/লিখিত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ভর্তি করা হবে। ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ভর্তির সময় নির্বাচিত প্রশিক্ষার্থীগণকে মোবাইল নম্বর, **Facebook** আইডি, **Whats app no** ও ই-মেইল আইডি আবশ্যিকভাবে দিতে হবে।
- চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে ভর্তির সময় কোর্স ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা (অফেরতযোগ্য) হারে জমা দিতে হবে।
- প্রশিক্ষণ ট্রেডসমূহ সম্পূর্ণ অনাবাসিক।
- করোনাভাইরাস সংক্রমন রোধে সাক্ষাৎকার, ভর্তি ও প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য মাস্ক ব্যবহার ও স্বাস্থ্যবিধি প্রতিপালন বাধ্যতামূলক।
- প্রশিক্ষার্থীগণকে সরকারি বিধি মোতাবেক প্রাপ্য ভাতা বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রদান করা হবে।
- সাক্ষাৎকার গ্রহণের দিন মূল কাগজপত্র সঙ্গে আনতে হবে। সাক্ষাৎকারে অংশ গ্রহণের জন্য কোন প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবে না।
- প্রত্যেক প্রশিক্ষার্থীকে কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হবে এবং প্রশিক্ষণ শেষে আত্মকর্ম/কর্মসংস্থানে নিয়োজিত হতে হবে।
- যুব উন্নয়ন অধিদপ্তরের অন্যকোন প্রতিষ্ঠানিক ট্রেডে পূর্বে প্রশিক্ষণ প্রাপ্ত/ প্রশিক্ষণরত হলে আবেদন করার প্রয়োজন নাই।

(মোঃ মতিয়ার রহমান)

উপপরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর, নড়াইল।

ফোন : ০২৪৭৭৭৩৬৮৬

তারিখ: ২০/১২/২০২২ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল।

- ১। পরিচালক (প্রশিক্ষণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, নড়াইল।
- ৩। পুলিশ সুপার, নড়াইল।
- ৪। জেলা মৎস্য কর্মকর্তা / জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা / উপপরিচালক সমাজসেবা অধিদপ্তর / উপপরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর, নড়াইল।
- ৫। ডেপুটি কো-অডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, নড়াইল।
- ৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, সদর/লোহাগড়া/কালিয়া, নড়াইল।
- ৭। প্রশিক্ষক / সহকারী প্রশিক্ষক (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, নড়াইল।
- ৮। নোটিশ বোর্ড, যুব উন্নয়ন অধিদপ্তর, নড়াইল।
- ৯। অফিস কপি।

(এ.এম. সাইফুল আনাম)

সহকারী পরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর, নড়াইল।